দৈনিক বাংলা

31

তারিখ 1? SEP 19??
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...


৩০

# পলিটেকনিক ছাত্রাবাস থেকে বিপুল অস্ত্র উদ্ধার

(স্টাফ রিপোর্টার)

গোয়েন্দা পুলিশ গতকাল প্রত্যুষে এক আকস্মিক অভিযান চালিয়ে তেজগাঁ পলিটেকনিক ইনস্টিটিউটের জহির রায়হান ছাত্রাবাস থেকে বিপুল অস্ত্রশস্ত্র উদ্ধার এবং জগলুল হায়দার হিলালী ওরফে জগলু নামে এক পলাতক আসামীকে গ্রেফতার করেছে।

(৩-এর পৃঃ দ্রঃ)



তেজগাঁ পলিটেকনিক ইউনিস্টিটিউটের ছাত্রাবাস থেকে উদ্ধারকৃত পিস্তল, বুলেট ও চাপাতি

## অস্ত্র উদ্ধার

(প্রথম পৃঃ পর)

ছাত্রাবাসের তিনতলার বাথরুম ও পানির ট্যাংকের নীচ থেকে উদ্ধার করা অস্ত্রশস্ত্রের মধ্যে রয়েছে একটি দেশী বন্দুক, একটি পয়েন্ট টুটু বোর রিভলভার, ৩৬টি হ্যান্ড গ্রেনেড, ৮টি তাজা বোমা, বিভিন্ন বোরের আগ্নেয়াস্ত্রের ২৪ রাউন্ড তাজা গুলি, একটি বড় চাপাতি এবং প্রচুর বিস্ফোরক রয়েছে।

উল্লেখ্য গত এপ্রিল মাসেও পলিটেকনিক ছাত্রাবাস থেকে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয়েছিল। গোয়েন্দা বিভাগের ডেপুটি কমিশনার গতকাল প্রত্যুষের অভিযান তত্ত্বাবধান করেন।